

পূর্বস্থলী কলেজ



পারুলিয়া

পূর্ব বর্ধমান

এক দিবসীয় আলোচনাসভা

“দ্বিশতজনাবর্ষে অক্ষয়: অক্ষয়কুমার দত্ত”
২৬ মার্চ, ২০২০



ব্যবস্থাপনায় :

বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ

স্থান : সেমিনার হল, পূর্বস্থলী কলেজ।

ড. লিপিকা ঘোষাল
আহ্বায়ক

ড. বিভাস চন্দ্র সাহা
অধ্যক্ষ

-: বিষয় ভাবনা :-

দ্বিশতজনাবর্ষে অক্ষয়: অক্ষয়কুমার দত্ত

উনিশ শতক বিশেষ এক আলোড়নের কাল। আর এই কালের এক উজ্জ্বল প্রতিভা অক্ষয়কুমার দত্ত (১৮২০-১৮৮৬)। রাজা রামমোহন রায় প্রতিষ্ঠিত ব্রাহ্মসমাজে দেবেন্দ্রনাথ ঠাকুরের মতো বেদান্তবাদী মানুষ যেমন ছিলেন তেমনিই ছিলেন মুক্তচিন্তক ও যুক্তিবাদী অক্ষয়কুমার দত্ত। ১৮৩৯ খ্রিষ্টাব্দে দেবেন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত তত্ত্ববোধিনী সভার মুখপত্র হিসাবে প্রকাশিত হয় ‘তত্ত্ববোধিনী পত্রিকা’ (১৮৪৩)। অক্ষয়কুমার দত্ত ছিলেন এই পত্রিকার সম্পাদক। ঈশ্বরের সঙ্গে মানুষের সম্পর্ক অপেক্ষা বাহ্যবস্তুর সঙ্গে মানুষের সম্বন্ধ বিচারই ছিল তাঁর লক্ষ্য। এই লক্ষ্যে অনুসন্ধিৎসু মন নিয়ে অক্ষয়কুমার লিখে যান তাঁর যুক্তিগ্ৰথিত গবেষণালব্ধ গ্রন্থ ‘ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়’, ‘বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার’, ‘পদার্থবিদ্যা’ ও ‘ভূগোল’ ইত্যাদি।

আধ্যাত্মিকতা ভারতীয় সভ্যতার একমাত্র অপ্রান্ত প্রধান দিক নয় বলেই তিনি বিশ্বাস করতেন। সংশয়বাদ, যুক্তিশীলতা, বৈজ্ঞানিক অনুসন্ধান যে ভারতীয় শাস্ত্রের মধ্যে আছে - তিনি সেই সত্যকেই সামনে আনতে চেয়েছিলেন। তাই নির্বন্দ্ব ভক্তি অপেক্ষা দ্বৈতবাদের বস্তুবাদ ও যুক্তিকেই তিনি বেছে নিয়েছিলেন। বোঝাতে চেয়েছিলেন বিজ্ঞানমনস্ক যুক্তিবাদী মনই প্রকৃত সত্যের সন্ধান দিতে পারে। তাই আজকের এই ধর্মধ্বংসীদের হাত থেকে আমাদের সমাজকে রক্ষা করার জন্য অক্ষয়কুমারের মতো মানুষদেরই বড়ো দরকার; যারা যুক্তি বুদ্ধি বিজ্ঞান দিয়ে মানুষকে তার সঠিক রাস্তা চেনাতে পারেন।

এই মহান মানুষের দ্বিশততম জন্মবর্ষ উপলক্ষ্যে শ্রদ্ধার্থ স্বরূপ “দ্বিশতজনাবর্ষে অক্ষয়: অক্ষয়কুমার দত্ত”- এই শিরোনামে পূর্বস্থলী কলেজের পক্ষ থেকে আগামী ২৬মার্চ ২০২০ এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত আলোচনাসভায় আলোচক হিসাবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. রমেন সর্, ডিন, কলা ও বানিজ্য অনুষদ, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং অধ্যাপক ড. মানবেন্দ্র মুখোপাধ্যায়, বাংলা বিভাগ, বিশ্বভারতী। উক্ত সভায় সমস্ত কলেজ ও বিশ্ববিদ্যালয়ের উৎসাহী ছাত্র-ছাত্রী গবেষক ও শিক্ষকদের সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে। আশা রাখি আপনাদের সাগ্রহ উপস্থিতি আমাদের আলোচনাকে সার্থক করে তুলবে।

সারসংক্ষেপ পাঠানোর নিয়মাবলী :

প্রবন্ধের সারসংক্ষেপ ১২ ফন্টে বাংলা ওয়ার্ড / অত্র তে ৩০০ শব্দে পাঠাতে হবে ২০ শে মার্চ ২০২০ এর মধ্যে। লেখা পাঠানো যাবে - seminarpurbasthalicollege@gmail.com
যোগাযোগ :- ৯৪৭৫৬৮৯০১১ / ৯৭৩৩৫৮৩৭৫৮

রেজিস্ট্রেশন শুদ্ধ

অধ্যাপক - ৪০০টাকা
গবেষক - ৩০০টাকা

-: অনুষ্ঠান সূচি :-

- | | |
|---------------------------|-------------------|
| ✚ রেজিস্ট্রেশন- | সকাল ১০:০০ টা |
| ✚ উদ্বোধনী অনুষ্ঠান - | সকাল ১০:৩০ মিনিট |
| ✚ মূল সূচক ভাষণ - | সকাল ১১:১৫ মিনিট |
| ✚ বিস্তৃত ভাষণ - | দুপুর ১২:০০ টা |
| ✚ মধ্যাহ্ন ভোজন - | দুপুর ১২:৪৫ মিনিট |
| ✚ গবেষণা অভিসন্দর্ভ পাঠ - | দুপুর ১:৪৫ মিনিট |
| ✚ সমাপ্তি অধিবেশন - | বিকাল ৪:০০ টা |
| ✚ ধন্যবাদ জ্ঞাপন - | বিকাল ৪:৩০ মিনিট |

ব্যবস্থাপক পরিষদ

মুখ্য পৃষ্ঠপোষক - শ্রী তপন চ্যাটার্জী
সভাপতি, পূর্বস্থলী কলেজ।

পৃষ্ঠপোষক - ড. বিভাস চন্দ্র সাহা
অধ্যক্ষ, পূর্বস্থলী কলেজ।

আহ্বায়ক - অধ্যাপক ড. লিপিকা ঘোষাল

কোষাধ্যক্ষ - অধ্যাপক মিন্টুলাল দত্ত

অধ্যাপক ফিরোজ খান

অধ্যাপক সুচন্দ্রা নিয়োগী

অধ্যাপক অয়ন চক্রবর্তী

অধ্যাপক সোহেল রানা সরকার

অধ্যাপক অনুপম দাস

অধ্যাপক ড. সৌম্যমোহন ঘোষ

অধ্যাপক বিশ্বনাথ ভট্টাচার্য

অধ্যাপক অনুপ কুমার ঘটক

মহঃ আসাদুল হক

পূর্বস্থলী কলেজ

২০০৯ সালে প্রতিষ্ঠিত পূর্বস্থলী কলেজ বর্ধমান বিশ্ববিদ্যালয় অধীনস্থ একটি স্নাতক ডিগ্রি কলেজ। প্রাচীন পূর্বস্থলী জনপদের কেন্দ্রবিন্দুতে অবস্থিত এই কলেজের ঐতিহ্য জুড়ে আছে পূর্বস্থলীর বিদ্যাচর্চার মহিমা এবং সংলগ্ন শ্রীচৈতন্যভূমির স্পর্শ। পূর্বস্থলীর চুপিতে উনিশ শতকের প্রখ্যাত যুক্তিবাদী অক্ষয় কুমার দত্তের জন্মভিটে, এখানেই লালিত হয়েছেন কালাজ্বরের প্রতিষেধক টীকা আবিষ্কর্তা উপেন্দ্রনাথ ব্রহ্মচারী। আজ একুশ শতকের সূচনালগ্নে দাঁড়িয়ে পূর্বস্থলী কলেজ ঐতিহ্য ও আধুনিকতার সমন্বয়ে নতুন পথের দিশারী।

দিক নির্দেশ

হাওড়া কাটোয়া ট্রেন লাইনে পূর্বস্থলী স্টেশন থেকে ১ কিলোমিটার অথবা STKK Road পারুলিয়া বাজার থেকে ১ কিলোমিটার।

রেজিস্ট্রেশন ফর্ম



পূর্বস্থলী কলেজ

পারুলিয়া

পূর্ব বর্ধমান

নাম _____

পদ _____

ঠিকানা _____

মোবাইল নং: _____

ই-মেল: _____

গবেষণা অভিসন্দর্ভের শিরোনাম

স্বাক্ষর